



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০১.১৮-৬৮২

তারিখ : ০৭.১০.২০১৮ খ্রিঃ

বিষয় : ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-৭১৬; তারিখঃ ১২ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষে গত ১৪ আগস্ট ২০১৮ তারিখে অনুষ্ঠিত আন্ত: মন্ত্রণালয়ের সভায় নিম্নোক্ত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত কর্মসূচির আলোকে নির্ধারিত তারিখে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য কারিগরি ও মাদ্রাসা স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে নির্দেশ প্রদান করা হয়েছে।

তারিখ/সময়	কর্মসূচি
১৬.১২.২০১৮	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (সূর্যোদয়ের সাথে সাথে)।
১৬.১২.২০১৮	জেলা ও উপজেলা সদরে কারিগরি ও মাদ্রাসা স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাচি ও হাড্ডু খেলার আয়োজন।
১৬.১২.২০১৮ থেকে ৩১.১২.২০১৮	জাতীয় পর্যায়ে রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক অনুষ্ঠানের আয়োজন। মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.molaw.gov.bd) হতে ডাউনলোড করে কারিগরি ও মাদ্রাসা স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া এর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মাঝে প্রদর্শন করতে হবে।

আন্ত: মন্ত্রণালয়ের সভায় গৃহীত সিদ্ধান্ত এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনার আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসার পরিচালনা কমিটির সভাপতি ও অধ্যক্ষ/সুপারকে উল্লিখিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপক : ১) সভাপতি- ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি/এডহক কমিটি; এবং

২) অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০১.১৮-৬৮২(১২)

তারিখ : ০৭.১০.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, সকল।
- পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- উপজেলা নির্বাহী অফিসার, সকল।
- প্রোগ্রামার, আইসিটিসেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- জেলা শিক্ষা অফিসার, সকল।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল। (তাকে উপজেলা পর্যায়ে মাদ্রাসাসমূহ কর্তৃক নির্দেশনা মোতাবেক মহান বিজয় দিবসের কর্মসূচিসমূহ যথাযথভাবে উদযাপনের বিষয়টি তদারকি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- সদস্যবৃন্দ- গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসা।
- পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪